# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৮২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

اَلْفصْلُ الثَّالِثُ ( بَاب تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِعِ لِلْبُخَارِيِّ» )

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سُلَيْمَانَ قَالَ: سَيَأْتِي مَلِكٌ مِنْ مُلُوكِ الْعَجَمِ فَيَظْهَرُ عَلَى الْمَدَائِنِ كلِّها إِلا دمشق. رَوَاهُ أَبُو دَاوُدَ

اسناده ضعيف ، رواه ابوداؤد (4639) * فيه عبد العزيز : لم اجده له ترجمة و لعله عبدالله بن العلاء كما يظهر من تهذيب الكمال و ان صح فالسند صحيح

বাংলা

৬২৮২-[১৭] ’আবদুর রহমান ইবনু সুলায়মান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেছেন, অদূর ভবিষ্যতে আজমী বাদশাহদের মাঝে হতে একজন বাদশাহর আগমন ঘটবে। অতঃপর দামিশক ব্যতীত সমস্ত শহরগুলোতে তার আধিপত্য স্থাপিত হবে। (আবূ দাউদ)

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৪৬৩৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَيَظْهَرُ عَلَى الْمَدَائِنِ) সব শহরকে দখল করবে শুধুমাত্র দিমাশক ব্যতীত।
ভাষ্যকারগণ স্পষ্টভাবে বলেননি যে, উক্ত রাজা কে? জেনে রাখা উচিত যে, শাম, বায়তুল মাকদিস, সখরাহা, আসক্বালান, কাযবীন, স্পেন এবং দিমাশক ছাড়া ও অন্য জায়গার ফযীলত সম্পর্কে অনেক বর্ণনা এসেছে। তবে মুহাদ্দিসগণ এগুলোর অধিকাংশকে য'ঈফ বলে মত পেশ করেন। আল্লাহ সর্বাধিক জ্ঞাত, যেমনটি سفر) (السعادت -এ উল্লেখ হয়েছে। (মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86259

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন